উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

প্রকৃতি কন্যা সিলেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
স্থানীয় সরকার শাখা
www.sylhet.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০০৯.১১.০০১.১৯.৬৯২

তারিখ: ১১ কার্তিক ১৪২৬
২৭ অক্টোবর ২০১৯

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ এর ০৭ অক্টোবর ২০১৯ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.০৪.০০১.১৭.৪৩৫ নম্বর স্মারকে জারীকৃত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে সিলেট জেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদের জন্য নবসৃষ্ট হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর এর শূণ্যপদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য সিলেট জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত মোতাবেক জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত চাকরির আবেদন মডেল ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| পদের নাম | পদের সংখ্যা | বেতনস্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর | ৩৩(তেত্রিশ) টি | জাতীয় বেতন স্কেল-২০১৫ মোতাবেক (৯,৩০০/- - ২২,৪৯০/-) (ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% এবং সরকার কর্তৃক ৭৫% হারে বেতন-ভাতা প্রাপ্য হবেন) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ/সমমানের জিপিএ সহকারে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং<br>গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০(বিশ) শব্দ ও ইংরেজি ২০(বিশ) শব্দ। |

০১। বিগত ০২ জানুয়ারি ২০১৭ তারিখের ০৫.৪৬.৯১০০.০০৯.১১.০০২.১৬.০৫(১১) নম্বর স্মারকে প্রকাশিত ৪৮(আটচল্লিশ) টি শূন্যপদে নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে যারা আবেদন করেছিলেন এবং এ কার্যালয়ের ২৮ আগষ্ট ২০১৯ তারিখের ০৫.৪৬.৯১০০.০০৯.১১.০০১.১৯.৬০৩ নম্বর স্মারকে জারীকৃত বিজ্ঞপ্তিতে ২৫(পঁচিশ) টি শূন্যপদের বিপরীতে যারা আবেদন করেছিলেন তাদের পুনরায় আবেদনের প্রয়োজন নেই।

০২। আবেদনপত্র জেলা প্রশাসক, সিলেট বরাবর আগামী ০৭/১১/২০১৯ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি অথবা ডাকযোগে জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এর জেলা ই-সেবা কেন্দ্রে পৌঁছাতে হবে। স্বাক্ষরবিহীন, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত এবং বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গন্য হবে। আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

০৩। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও সিলেট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০৪। নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি সিলেট জেলার ওয়েব সাইট (www.sylhet.gov.bd) এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

০৫। নির্ধারিত আবেদনপত্র ফরমটি কম্পিউটার টাইপ করে পূরণ করতে হবে এবং A4 অফসেট কাগজে প্রিন্ট করতে হবে। কম্পিউটারে পূরণকৃত ফরমের প্রিন্ট কপি শুধুমাত্র স্বাক্ষর করতে হবে এবং একটি ছবি আবেদনের নির্ধারিত স্থানে আঠা দিয়ে লাগাতে হবে।

০৬। প্রার্থীকে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম পদবীর সিল স্বাক্ষরসহ) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র, সকল শিক্ষাগত সনদের সত্যায়িত ছায়ালিপি এবং সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৭। প্রার্থীর বয়স ০৭/১১/২০১৯ তারিখে ১৮ বছর হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৮। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ পুত্র-কন্যার পুত্র-কন্যা-এর ক্ষেত্রে প্রার্থীকে আবেদনপত্রের সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন মোতাবেক তার পিতা/মাতা/পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ফটোকপি যা গেজেটেড কর্মকর্তা (নাম পদবীর সিল স্বাক্ষরসহ) কর্তৃক সত্যায়িত সংযুক্ত করতে হবে। এছাড়া বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সম্পর্কের বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সংযুক্ত করতে হবে।

০৯। কোটা সম্পর্কিত সরকারি সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে। কোটার ক্ষেত্রে প্রার্থীকে তার সংশ্লিষ্ট কোটা খামের উপরে লিখতে হবে। উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে।

১০। বিবাহিত মহিলার ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

১১। চাকুরীর বিষয়ে কোন প্রকার প্রত্যক্ষ বা পরোক্ষ তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।

১২। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে কিংবা কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগাদেশ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। আবেদনপত্রের সাথে যে কোন তফসিলি ব্যাংক হতে জেলা প্রশাসক, সিলেট এর অনুকূলে ৪০০/- (চারশত) টাকার ব্যাংক ড্রাফট/ পে অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।

১৪। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

১৫। নিয়োগ পরীক্ষা লিখিত, ব্যবহারিক (কম্পিউটার) এবং মৌখিক হবে। প্রার্থীকে নির্বাচনী (লিখিত, ব্যবহারিক ও মৌখিক) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৬। নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে নিজ নাম ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকা মূল্যমানের ডাক টিকেট সংযুক্ত (যে ঠিকানায় ইন্টারভিউ কার্ড পেতে ইচ্ছুক) ৯ ইঞ্চি ×৪ ইঞ্চি সাইজের খামে সংযুক্ত করতে হবে।

১৭। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরীতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত।

১৮। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

১৯। রীট পিটিশন নং ১১৪৭৬/২০১৭ হতে উদ্ভুত লীভ টু আপীল মামলা নং ৪৫২/২০১৮ এর গত ০৫-০২-২০১৮ তারিখের বাংলাদেশের সুপ্রীম কোর্টের আপীল বিভাগের আদেশ প্রতিপালন করা হবে।

২০। প্রাথমিক নিয়োগ অস্থায়ী ভিত্তিতে শিক্ষানবীস হিসেবে নিয়োগ করা হবে। শিক্ষানবীসকাল সন্তোষজনক হলে চাকুরীবিধি অনুযায়ী চাকুরী স্থায়ী করা হবে।

২১। কর্তৃপক্ষ অনিবার্য কোন কারণে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, পদসংখ্যা কম বা বেশি, সময় পরিবর্তন বা বাতিল এবং বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্তাবলী সংশোধন বা পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করেন। এ ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত অন্যান্য শর্তাবলী অক্ষুন্ন থাকবে।

২৭/১০/২০১৯


এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক
সিলেট
ফোন : ০৮২১-৭১৬১০০
ই-মেইল : dcsylhet@gmail.com


স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০০৯.১১.০০১.১৯.৬৯২

তারিখ: ১১ কার্তিক ১৪২৬ / ২৭ অক্টোবর ২০১৯

অনুলিপি : সদয় অবগতির জন্য

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট

০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে

০১। জেলা প্রশাসক------------------------(সকল)

০২। ---------------------------------------------------- ও সদস্য, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি।

০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট।

০৪। জেলা---------------------------------কর্মকর্তা (সকল), সিলেট। তাকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৫। চেয়ারম্যান (সকল)-----------------------উপজেলা পরিষদ, সিলেট। তাকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল)------------------------সিলেট। তাকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৭। মেয়র (সকল)----------------------পৌরসভা, সিলেট। তাকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৮। সহকারি প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট। তাকে বিজ্ঞপ্তি ও মডেল আবেদন ফরমটি জেলার ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৯। সম্পাদক/ বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক আমাদের সময় / দৈনিক উত্তরপূর্ব / The New Nation। তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের লক্ষ্যে তার পত্রিকার ভিতরের পাতায় ক্ষুদ্র পরিসরে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২৭/১০/২০১৯


এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক
সিলেট